



## জাতির অন্ধকার এখনও কাটেনি, সংগ্রাম অব্যাহত থাকবে: জামায়াত আমির



সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, দেশের ওপর থেকে এখনো সংকটের ছায়া পুরোপুরি দূর হয়নি। ন্যায্যভিত্তিক ও বৈষম্যহীন বাংলাদেশ গড়তে ছাত্রশিবির ও জামায়াতের আন্দোলন অব্যাহত থাকবে বলে তিনি মন্তব্য করেন।

শুক্রবার (২৬ ডিসেম্বর) দুপুরে বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত ইসলামী ছাত্রশিবিরের কেন্দ্রীয় সদস্য সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ডা. শফিকুর রহমান বলেন, দেশকে এগিয়ে নিতে সব ধর্ম ও রাজনৈতিক মতাদর্শের মানুষকে একসঙ্গে কাজ করতে হবে। তিনি দুর্নীতিমুক্ত, ইনসাফভিত্তিক ও বৈষম্যহীন রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠার ওপর গুরুত্ব আরোপ করেন।

তিনি আরও বলেন, জামায়াত কেবল বেকার ভাতা প্রদানের রাজনীতিতে বিশ্বাসী নয়; বরং দক্ষ ও যোগ্য মানবসম্পদ গড়ে তোলার লক্ষ্যেই তারা কাজ করছে। শিক্ষা ব্যবস্থায় যুগোপযোগী ও মানসম্মত পাঠ্যক্রম অন্তর্ভুক্ত করা গেলে ভবিষ্যৎ প্রজন্মকে দক্ষ নাগরিক হিসেবে গড়ে তোলা সম্ভব হবে বলে তিনি মন্তব্য করেন।

সম্মেলনে বক্তব্য রাখেন জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। তিনি বলেন, মিথ্যা তথ্য ও অপপ্রচারের মাধ্যমে ছাত্রশিবিরকে দমিয়ে দেওয়ার অপচেষ্টা চলছে। তবে ‘স্বাধীনতাবিরোধী’ বা ‘রগকাটা’ তকমা, এমনকি ক্রসফায়ার ও আয়নাঘরের ভয় দেখিয়েও ছাত্রশিবিরের অগ্রযাত্রা থামানো যাবে না বলে তিনি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।